

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা পরিষদ

দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

www.dowarabazar.sunamganj.gov.bd

বিষয়	: অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।
সভার তারিখ	: ০৯ মার্চ, ২০২২ খ্রিঃ।
সময়	: বেলা ১১.০০ ঘটিকা।
সভার স্থান	: উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
সভাপতি	: ছালেহা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দৃষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা প্রকৌশলী সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।


ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বলেন দোয়ারাবাজার উপজেলার ২০২২-২৩ অর্থ বছরে পরিকল্পনা ও বাজেট তৈরি করার এবং খাত অনুযায়ী বরাদ্দ রাখার উপর গুরুত্ব দেয়ার জন্য প্রস্তাব করেন।

উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন ২০২২-২৩ অর্থ বছরে বাজেট পরিকল্পনা ইতোমধ্যে শুরু করা হয়েছে। সরকারী বিধিমাতে খাত অনুসারে বরাদ্দ রাখার বিষয়ে সতর্ক থাকবেন মর্মে সভায় জানান। তিনি আরো বলেন দোয়ারাবাজার উপজেলায় বেশীর ভাগ বরাদ্দ শিক্ষা ও যোগাযোগ খাতে হয়ে থাকে, তবে অন্যান্য খাতেও বরাদ্দ দেয়া হয়। বাজেটে উপজেলা পরিষদের হাট-বাজার ইথরা লক্ষ ৪১% টাকা রাজস্ব আয় হিসাবে রাজস্ব তহবিলে জমা হয়, যা পরবর্তী অর্থ বছরে উন্নয়ন তহবিলে স্থানান্তর হয়ে উপজেলার উন্নয়ন কাজে ভূমিকা রাখছে। তাই হাট-বাজার ও অন্যান্য খাত হতে আয় বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলার রাজস্ব আয় অন্যান্য উপজেলা থেকে একেবারে কম। উপজেলার রাজস্ব বৃদ্ধি করা একান্ত প্রয়োজন। তাই আয়বর্ধক কোন প্রকল্প সৃষ্টি করার উপর গুরুত্ব দেয়া হলে রাজস্ব বৃদ্ধি পাবে এবং উন্নয়ন ত্বরান্বিত হবে।

সিদ্ধান্ত : দোয়ারাবাজার উপজেলার ২০২২-২৩ অর্থ বছরের বাজেট প্রণয়ন এবং রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা করার জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।


(ছালেহা বেগম)
সভাপতি

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি ও
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

তারিখঃ- ০৯/০৩/২০২২ খ্রিঃ।

স্মারক নং- সুনাম/দোয়ারা/উপকা/ন১৩/১৯-১৭২

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।

অনুলিপি সদয় কাষার্থে :


২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৩। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৪। উপজেলা অফিসার (সংশি- স্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৫। চেয়ারম্যান, ইউ/পি (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৬। সংরক্ষণ নথি।


(সাদিরুল ইসলাম)
সদস্য সচিব

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি

ও

উপ সহকারী উপজেলা প্রকৌশলী
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।